

# উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল


পীরগঞ্জ, রংপুর

## আমাদের অর্জন সমূহ

২০১৯-২০২০ অর্থবছরে বাংলাদেশের জিডিপিতে স্থিরমূল্যে প্রাণিসম্পদ খাতের অবদান ১.৪৩% এবং প্রবৃদ্ধির হার ৩.০৪% (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০২১)। মোট কৃষিজি জিডিপিতে প্রাণিসম্পদ খাতের অবদান ১৩.৪৪%। জনসংখ্যার প্রায় ২০% প্রত্যক্ষভাবে এবং ৫০% পরোক্ষভাবে প্রাণিসম্পদ খাতের উপর নির্ভরশীল। কৃষিনির্ভর পীরগঞ্জ উপজেলার অর্থনৈতিক উন্নয়নে প্রাণিসম্পদ দপ্তরের অবদান ব্যাপক। এই উপজেলায় প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল প্রাণিজ আমিষের চাহিদা পূরণের লক্ষ্যে গবাদিপশু, হাঁস-মুরগি ও দুগ্ধ উৎপাদন বৃদ্ধিসহ সংরক্ষণ, রোগ নিয়ন্ত্রণ ও জাত উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর এর কার্যকর ব্যবস্থা গ্রহণের ফলে বর্তমানে প্রাণিজ আমিষের মূল উৎস দুধ, মাংস ও ডিমের উৎপাদন বৃদ্ধি পেয়ে জনপ্রতি প্রাপ্যতা যথাক্রমে ১৭৫.৬৩ মিলি/দিন, ১২৬.২০ গ্রাম/দিন ও ১০৪.২৩ টি/বছর হয়েছে যা দেশের ক্রমবর্ধমান জনগোষ্ঠীর প্রাণিজ আমিষের চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বাংলাদেশ এলাডিসি থেকে মধ্যম আয়ের দেশে উত্তরনের প্রেক্ষাপটে এবং ক্রমবর্ধিষ্ণু জনসংখ্যার প্রাণিজ আমিষের (দুধ, ডিম ও মাংস) চাহিদা মেটাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে বিদ্যমান প্রাণিসম্পদের সংরক্ষণ, সম্প্রসারণ ও জাত উন্নয়ন ক্ষেত্রে পীরগঞ্জ উপজেলায় অভাবনীয় অগ্রগতি সাধিত হয়েছে।

ছকপত্রঃ

ক্র.নং	কার্যক্রমের বিবরণ	২০১৯ সালের চিত্র	২০২০ সালের চিত্র	মন্তব্য
১	২	৩	৪	৫
০১	সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (সংখ্যা)			
	তরল সিমেন দ্বারা প্রজনন	১৬৭৬	৩৩১৫	
	হিমায়িত সিমেন দ্বারা প্রজনন	৫৬০০	১৭৯৮০	
০২	সংকর জাতের বাছুরের তথ্য (সংখ্যা)	২৬১১	৭৯৯৬	
০৩	সরকারি ভাবে টিকা প্রদান (সংখ্যা)			
	গবাদি পশুর টিকা প্রদান	২৮৬৫২	১০৪৭২৮	
	হাঁস-মুরগির টিকা প্রদান	৩৮৫৫০০	১০০৯২০০	
০৪	গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)	৬১৮৭	২৪২৬৮	
০৫	হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)	১১৫৪৫	৩৬৬০৯৬	
০৬	পোষা প্রাণির চিকিৎসা প্রদান (সংখ্যা)	১১	২৩	
০৭	গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধান নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা)	৪৭	১০৬	
০৮	গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা)	০৮	২৩	
০৯	ফ্রি ভেটেরিনারি মেডিকেলক্যাম্প (সংখ্যা)	০৬	১৯	
১০	প্রশিক্ষণ প্রদান			
	(ক) খামারী প্রশিক্ষণ (জন)	১০২	৩৮৫	
	(খ) মাংস প্রক্রিয়া জাতকারী প্রশিক্ষণ (জন)		৩০	
১১	উঠান বৈঠক আয়োজন (সংখ্যা)			
	(ক) উঠান বৈঠকে আয়োজন (সংখ্যা)		২৩	
	(খ) উঠান বৈঠকে অংশ গ্রহণকারী (জন)		৪৬০	
১২	স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ (একরে)	৩.০০	৬.৯৩	
১৩	খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন (সংখ্যা)	৪২	১০৬	
১৪	খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা)			
	(ক) গবাদি পশুরখামার রেজিঃ ও নবায়ন	১২	২৯	
	(খ) হাঁস-মুরগির খামার রেজিঃ ও নবায়ন	০১	০২	
১৫	দুগ্ধ উৎপাদন (মেট্রিকটন)	২১২১০	৪৯৭৬৪	
১৬	মাংস উৎপাদন (মেট্রিকটন)	১৬০০০	৩৪০৭৬	
১৭	ডিম উৎপাদন (লক্ষ)	১.২	৫.৩	

  
২৩/৯/২০২০

ডাঃ মোঃ তাজুল ইসলাম  
উপজেলা প্রাণিসম্পদ অফিসার  
পীরগঞ্জ, রংপুর।